DeKalb County School District
লটারি অর্থায়িত প্রাক-কিন্ডারগার্টেন
বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলী

প্রাক-লটারি

প্রাক-K পর্যায়ে ভর্তির জন্য শিক্ষার্থীর বয়স কত হওয়া প্রয়োজন?

2020-2021 স্কুল বছরে যোগ্য হওয়ার জন্য আপনার সন্তানের জন্ম তারিখ নিম্নরূপ বা এর মধ্যে হতে হবে: সেপ্টেম্বর 2, 2015-সেপ্টেম্বর 1, 2016.

আমার সন্তান DeKalb County School District (DCSD) উপস্থিতি অঞ্চলের বাইরে বসবাস করলে সে কি প্রাক--K কর্মসূচিতে অংশ নিতে পারবে?

না। আপনার বাড়ির ঠিকানা DeKalb County School District অঞ্চলে অন্তর্ভুক্ত না হলে আপনি অংশ নিতে পারবেন না। আপনার ঠিকানা DCSD এর অঞ্চলে অন্তর্ভুক্ত কিনা আপনি সেসম্পর্কে অনিশ্চিত হলে এখানে দেখুনhttp://www.dekalbschoolsga.net/operations/school-locator/ ও যাচাই করে নিন।

আমি কি একাধিক স্কুলের জন্য আবেদন করতে পারি?

না। আপনি প্রযোজ্য হলে কোনো থিম স্কুল বা আপনার হোম স্কুলের জন্য নিবন্ধন করতে পারেন। আপনি কোনো থিম স্কুলে নিবন্ধন করতে ইচ্ছুক হয়ে নির্বাচিত না হলে আপনাকে স্বয়ংক্রিয়ভাবে অপেক্ষমান তালিকায় স্থান দেওয়া হবে। স্কুলের প্রথম সপ্তাহের পর আপনার হোম স্কুলে আসন থাকলে আপনার হোম স্কুলে আসনের জন্য নিবন্ধন করতে আপনাকে স্বাগত জানানো হবে।

আমার সন্তান কিন্ডারগার্টেনের জন্য যোগ্য হয়েও অঙ্গরাজ্যের অর্থায়িত প্রাক-K কর্মসূচিতে অংশ না নিলেও তারা কি প্রাক-কে-K পর্যায়ে ভর্তির যোগ্য?

প্রাক-কিন্ডারগার্টেনের শিক্ষার্থী হিসাবে 2020-2021 স্কুল বছরে যোগ্য হওয়ার জন্য আপনার সন্তানের অবশ্যই একটি স্বতন্ত্র শিক্ষা পরিকল্পনা (IEP) থাকতে হবে যা তাদের কিন্ডারগার্টেনের বছরে প্রাক-K শ্রেণিকক্ষে (পাশাপাশি দু'টোই) অন্তর্ভুক্তির প্রয়োজনীয়তা চিহ্নিত করে।

প্রাক-K পর্যায়ে ভর্তির জন্য আমার সন্তানকে কি পটি- প্রশিক্ষিত হতে হবে?

আপনার সন্তান পোশাক পরা, পোশাক খোলা এবং টয়লেটের প্রয়োজনীয়তার মতো আত্ম-সহায়তার কাজ সামলাতে সক্ষম হবে বলে প্রত্যাশা করা হয়। প্রাক-K প্রবেশের আগে শিশুদের পটি-প্রশিক্ষিত হতে হবে। কোনো অঘটন ঘটলে তাদের বাবা-মাকে ডাকা হবে এবং তাদেরকে সন্তানের পোশাক পরিবর্তনের জন্য স্কুলে আসতে হবে। স্বতন্ত্র শিক্ষা পরিকল্পনা (IEP) বা 504 পরিকল্পনার অংশ হিসাবে বা শিশু কোনো সহযোগী শ্রেণিতে না থাকলে শিক্ষার্থীরা স্কুলে পুল-আপ পরতে হবে না, সুতরাং তাকে কোনো বিশেষ চাহিদা যুক্ত শিক্ষক/ এইড কর্তৃক সহায়তা প্রদান করা যেতে পারে।

একজন DCSD কর্মচারী হিসাবে আমি কি প্রাক-K লটারিতে স্বয়ংক্রিয়ভাবে ভর্তির সুযোগ পাব?

না। একজন DCSD কর্মচারী হিসাবে আপনাকে অবশ্যই অন্য সবার মতো একই লটারি প্রক্রিয়া অনুসরণ করতে হবে। তবে কর্মচারীরা প্রাক-K লটারিতে প্রবেশের আগে সুনির্দিষ্ট শর্তাদি পূরণ করতে হয়। DeKalb প্রাক-K লটারিতে কর্মচারীদের অংশগ্রহণ সংক্রান্ত মেমোর জন্য অনুগ্রহ করে আপনার স্কুলের প্রিন্সিপাল বা প্রা Early Childhood Office- যোগাযোগ করুন।

আমার সন্তানের একটি IEP রয়েছে এবং বর্তমানে সে DCSD-এ ভর্তি নেই। সে লটারিতে নির্বাচিত হলে কি আমার হোম স্কুলে থাকবে?

বর্তমানে স্বতন্ত্র শিক্ষা পরিকল্পনার (IEP) আওতাভুক্ত কোনো আবেদনকারীকে ব্রাইট ফ্রম স্টার্ট (BFTS) সাধারণ শিক্ষা প্রাক-K শ্রেণিকক্ষে যোগদানের জন্য নির্বাচিত করা হলে আবেদনকারী শিক্ষার্থীর স্বতন্ত্র প্রয়োজনের ভিত্তিতে সম্ভাব্য BFTS অন্তর্ভুক্ত শ্রেণিকক্ষে স্থানান্তরিত করা হবে। দ্রষ্টব্য: থিম স্কুলগুলোতে BFTS অন্তর্ভুক্ত শ্রেণিকক্ষ নেই

আমার তিন বছর বয়সী সন্তানের একটি IEP রয়েছে এবং ইতিমধ্যে সে একটি DCSD এর ব্যতিক্রমী চাহিদা সম্পন্ন ক্লাসে ভর্তি রয়েছে, আমি কি প্রি-K পর্যায়ে নিবন্ধন করব?

না। আপনার সন্তানের বিদ্যমান IEP থাকলে এবং বর্তমানে সে তিন বছর বয়সীদের ক্লাসরুমে অংশ নিলে IEP চাহিদার ভিত্তিতে তাদেরকে প্রাক-K শ্রেণিতে অন্তর্ভুক্ত করা হবে।

প্রাক-K লটারির জন্য আবেদন করতে কোনো শিক্ষার্থীর কোন দলিলগুলো প্রয়োজন?

জন্মের প্রমাণ, আইনি অভিভাবকত্বের প্রমাণ (বাবা-মা/ অভিভাবকের নাম জন্ম সনদে না থাকলে), বাবা-মা/ অভিভাবকের পরিচয়ের প্রমাণ, এবং রেসিডেন্সি'র প্রমাণ। বিস্তারিত তথ্যসহ সমস্ত প্রয়োজনীয় দলিলের একটি সার্বিক তালিকা নিম্নবর্ণিত লিঙ্ক এর "লটারি প্রক্রিয়া" ট্যাবে ক্লিক করে পাওয়া যাবে https://www.dekalbschoolsga.org/pre-k/

লটারি-উত্তর

আমার সন্তান লটারিতে নির্বাচিত হয়েছে, এরপরে আমি কী করব?

আপনার পরবর্তী পদক্ষেপ হলো আসনটি গ্রহণ করে আপনার নিবন্ধন সম্পন্ন করার জন্য নির্দেশিত তারিখে নিবন্ধনের জন্য প্রয়োজনীয় অবশিষ্ট দলিলাদিসহ আপনার গ্রহণপত্র আপনার স্কুলে নিয়ে যাওয়া। পরবর্তী পদক্ষেপ নির্ধারিত সময়সীমার মধ্যেই সম্পন্ন করা অত্যন্ত জরুরি, অন্যথায় আপনি অপেক্ষমান তালিকার পরবর্তী ব্যক্তির কাছে আপনার আসন হারাতে পারেন।

আমার সন্তান লটারিতে নির্বাচিত না হলে কী হবে?

কোনো শিক্ষার্থী লটারিতে আসনের জন্য নির্বাচিত না হলে সে স্বয়ংক্রিয়ভাবে অপেক্ষমান তালিকায় স্থান পাবে। সিস্টেম সংখ্যানুক্রমিকভাবে অপেক্ষমান তালিকার শিক্ষার্থীদের সাজায় এবং অপেক্ষমান তালিকায় তাদের অবস্থান জানাতে বাবা-মাকে চিঠি লেখা হয়। আসন প্রত্যাখ্যান করা হলে বা বাতিল হলে সিস্টেম অপেক্ষমান তালিকার পরবর্তী ব্যক্তির কাছে গ্রহণপত্র পাঠায়। সে সময় আপনার লটারির আসন সুরক্ষিত করার জন্য আপনাকে পরবর্তী পদক্ষেপগুলো সম্পন্ন করতে হবে।

আমি গ্রহণপত্রে নির্দেশিত নিবন্ধের তারিখের মধ্যে স্বাস্থ্য টিকাদান ফরম 3231 সরবরাহ করতে না পারলে কী হবে?

DCSD নীতিতে বলা হয়েছে যে, শিশু স্কুল শুরু করার বা মেয়াদোত্তীর্ণ হওয়ার তারিখের 30 দিনের মধ্যে ফাইলে অবশ্যই তার স্বাস্থ্য টিকাদান ফরম 3231 রাখতে হবে। এটি সরবরাহ করা না হলে সন্তান ফরম বা অ্যাপয়েন্টমেন্টের প্রমাণ ছাড়া ক্লাসে ফিরতে পারবে না। অ্যাপয়েন্টমেন্টের পরে শিশু কোনো আপডেট ফরম ছাড়া ফিরতে পারবে না। এই ফরম সরবরাহ না করার কারণে শিশু টানা 10 দিন অনুপস্থিত থাকলে প্রি-K পর্যায়ে শিশুর আসন বাতিল হয়ে যাবে।

আমি গ্রহণপত্রে নির্দেশিত নিবন্ধের তারিখের মধ্যে শ্রবণ, দৃষ্টি ও পুষ্টি ফরম 3300 সরবরাহ করতে না পারলে কী হবে?

DCSD নীতিতে বলা হয়েছে যে, স্কুল শুরু করার বা মেয়াদোত্তীর্ণ হওয়ার তারিখের 90 দিনের মধ্যে এই ফরম অবশ্যই ফাইলে রাখতে হবে। এটি সরবরাহ করা না হলে শিশু ক্লাসে ফিরে আসতে সক্ষম হবে না, যার ফলস্বরূপ কর্মসূচিতে শিশু তার স্থান হারাতে পারে।

আমার সন্তানের দিনের বেলা ওষুধ খাওয়া আবশ্যক হলে?

আপনার সন্তানকে প্রাক-K আসনের জন্য নিবন্ধিত করার পর চিকিত্সার তথ্য আপনার সাথে আনতে ভুলবেন না। মেডিকেল ফরম এবং নির্ধারিত ওষুধ সেবন করার পদ্ধতি সম্পর্কে আপনার সাথে কথা বলার জন্য স্কুলে কেউ থাকবেন।

আমার সন্তান স্কুলের প্রথম দিন উপস্থিত না হলে কী হবে?

লটারিতে নির্বাচিত সমস্ত শিক্ষার্থী স্কুলের প্রথম দিনে উপস্থিত থেকে গণনায় অন্তর্ভুক্ত হবে বলে আশা করা হচ্ছে। আপনার সন্তান প্রথম দিন সকাল 10:00 টার মধ্যে স্কুলে উপস্থিত না হলে আসনটি বাতিল করা হবে এবং অপেক্ষমান তালিকার পরবর্তী ব্যক্তিকে তা দেওয়া হবে।

প্রাক-K শিক্ষার্থীদের জন্য কোনো উপস্থিতি নীতি আছে কি?

পুরো স্কুল বছর জুড়ে পূর্ণ শিক্ষাদানের দিনে শিক্ষার্থীরা উপস্থিত থাকবে বলে প্রত্যাশা করা হয়। চিকিত্সাগত কারণ ছাড়া টানা দশ দিন শিশু ক্লাসে যোগ না দিলে বা বিলম্ব করলে অঙ্গরাজ্যের নির্দেশিকা অনুসারে তাকে অবশ্যই ক্লাস থেকে অপসারণ করা হবে। অধিকন্তু, দীর্ঘমেয়াদে বিলম্বিত হলে বা নির্ধারিত সময়ের আগে চলে গেলে ত্ারা আসন বাতিল হওয়ার ঝুঁকিতে পড়তে পারে এবং তাকে কাউন্সেলর এবং/ অথবা সমাজকর্মীর কাছে প্রেরণ করা হবে।

প্রাক-K বাবা-মায়েদের জন্য কোনো অংশগ্রহণের আবশ্যকতা আছে কি?

হ্যাঁ, বাবা-মায়েরা বছরে কমপক্ষে দুইবার এবং প্রয়োজনে আরও বেশি বাবা-মায়েদের নির্ধারিত সভা এবং বাবা-মা সম্মেলনে অংশ নেবেন বলে আশা করা হয়। (এসব ক্রিয়াকলাপ প্রায় এক ঘণ্টা চলবে)

আমার যদি এমন কোনো প্রশ্ন থাকে FAQ-তে যেটার উত্তর নেই?

Early Childhood Office এর সাথে @ 678.676.0147-এ নির্দ্বিধায় যোগাযোগ করবেন